দৈনিক
ইনকিলাব

তারিখ ... 2 JUL 2008
পৃষ্ঠা - ৩ কলাম - ৭

# নামকরা কলেজগুলোতে দুই শিফট চালুর চিন্তা-ভাবনা

## রাজধানীর কয়েকটি প্রতিষ্ঠানকে-মন্ত্রণালয়ের মৌখিক প্রস্তাব

**স্টাফ রিপোর্টার ঃ** এবার উচ্চ মাধ্যমিক পর্যায়ে (একাদশ শ্রেণী) মেধাবী শিক্ষার্থীদের ভর্তির সুযোগ করে দিতে রাজধানীসহ দেশের নামকরা কলেজগুলোতে দ্বিতীয় শিফট চালু করার চিন্তা-ভাবনা করছে সরকার। প্রাথমিক পর্যায়ে রাজধানীর কয়েকটি কলেজের প্রিন্সিপালদের কাছে মৌখিক প্রস্তাব দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল (মঙ্গলবার) ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মনিরুল ইসলাম বলেন, বিষয়টি নিয়ে এখনও চিন্তা-ভাবনার প্রয়োজন আছে। তবে এটা হলে খুব ভাল হয়। এর ফলে মেধাবী শিক্ষার্থীরা ভাল প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবে। তবে ঢাকা কলেজের প্রিন্সিপাল বশিরুল হক বলেন, আমরা এরকম মৌখিক প্রস্তাব পেয়েছি। কিন্তু ভৌত অবকাঠামোর কারণে দ্বিতীয় শিফট চালু করা আমাদের পক্ষে সম্ভব নয়। তবে অন্যদের কথা জানি না। গত বৃহস্পতিবার প্রকাশিত এসএসসি ও সমমানের পরীক্ষায় সারাদেশে নয় বোর্ডে জিপিএ ৫ পেয়েছে ৫২ হাজার ৫০০ শিক্ষার্থী। এর মধ্যে এসএসসিতে জিপিএ ৫ প্রাপ্তদের সংখ্যা ৪১ হাজার ৯১৭। এবার নয় বোর্ডে সব মিলিয়ে উত্তীর্ণ হয়েছে ৭ লাখ ২৬ হাজার ৫৬৩ শিক্ষার্থী। এর মধ্যে সাত বোর্ডে এসএসসিতে উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ৫ লাখ ২৬ হাজার ৫৭৬।